

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

পরিবহন শাখা

নং-সম(পরি)প-৫/৯৮-১৫৮(২০০)


তারিখ : ২৮ বৈশাখ, ১৪০৬  
১১ মে, ১৯৯৯

অফিস স্মারক

বিষয় : মন্ত্রণালয়/বিভাগ এবং উহার আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌ-  
যান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও  
নিষ্পত্তির নীতিমালা।

অকেজো যানবাহন ও যন্ত্রপাতি বিক্রয়ের নীতিমালায় মোটরযানসহ নৌযান ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের বিষয় উল্লেখ থাকিলেও এতদসংক্রান্ত বিদ্যমান নীতিমালাটি পূর্ণাঙ্গ নয়। পূর্বে কম্পিউটারের প্রচলন ছিল না বিধায় তাহা বিদ্যমান নীতিমালায় তখন অন্তর্ভুক্ত হয় নাই। বর্তমানে দেশে কম্পিউটারের ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধি পাওয়ায় সরকারী খাতের কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভূত হইয়াছে।

- ০২। উপরি-উক্ত অবস্থার প্রেক্ষিতে সকল মন্ত্রণালয়/বিভাগ এবং উহাদের আওতাধীন দপ্তর/সংযুক্ত দপ্তর/পরিদপ্তরের মোটরযান, নৌযান, কম্পিউটার ও অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির জন্য একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়ন করা হইল।
- ০৩। এই সংক্রান্ত বিগত ২৩-০৬-১৯৮৭ তারিখের সম/পরি/১পি-৪/৮৫-৩৭৫ ও ১৩-১২-১৯৮৩ তারিখের এম ই আর (টিআর) ১পি-৬/৮৩-৮৪৩ সংখ্যক নীতিমালা এবং ২৮-০৫-১৯৮৬ তারিখের এম ই (টিআর) ১এল-৫/৮৫-৩১০(৫০) ও ০৪-০৮-১৯৮৫ তারিখের এম ই (টিআর) ১পি-৪/৮৫-৪৩৬(১০০) সংখ্যক পত্র এতদ্বারা বাতিল করা হইল।
- ০৪। এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।



(ডঃ শাহ মোহাম্মদ ফরিদ)

সচিব

সংস্থাপন মন্ত্রণালয়।

বিতরণ :

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। সচিব, ..... (সকল মন্ত্রণালয়/বিভাগ)।  
উহার আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর ও স্বায়ত্ব শাসিত সংস্থাকে এই নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সদয় নির্দেশ দানের জন্য অনুরোধ করা হইল।

১০৪

(খ)

- ০৩। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর।
- ০৪। চেয়ারম্যান, বিআইডব্লিউ টিসি/বিআইডব্লিউ টি এ।
- ০৫। পরিবহন কমিশনার, সরকারী যানবাহন অধিদপ্তর, ঢাকা।
- ০৬। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।
- ০৭। চেয়ারম্যান, বিআরটিএ।
- ০৮। মহা-পরিচালক, বিটাক।

